কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল


নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫


স্মারক নং- ১২.২০.০০০০.০২৬.১৬.০০১.২০২২-৬১ তারিখঃ ২৫/০৪/২০২৩ খ্রি.

**বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২২-২০২৩ মোতাবেক সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটির ৪র্থ ত্রৈমাসিকের সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২২-২০২৩ মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটির ৪র্থ ত্রৈমাসিকের সভা গত ১৮ এপ্রিল ২০২৩ তারিখ দুপুর ২.০০ ঘটিকায় কমিটির আহবায়ক হাসান মোঃ হামিদুর রহমান, পরিচালক (কম্পিউটার এন্ড জিআইএস), বিএআরসি মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়।

সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১) বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য পরিবীক্ষণ কমিটির ৪র্থ ত্রৈমাসিকের সভার কার্যবিবরণী।

25/04/2023

(মো: সাজ্জাদুর রহমান সরকার)
সিনিয়র রিপ্রোগ্রাফিক অফিসার
ও
সদস্য সচিব, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. ড. মো: ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং আহবায়ক, সিটিজেন চার্টার হালনাগাদকরণ কমিটি, বিএআরসি, ঢাকা।
২. হাসান মোঃ হামিদুর রহমান, পরিচালক (কম্পিউটার এন্ড জিআইএস), বিএআরসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. ড. সুরাইয়া পারভীন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (টিটিএমইউ) এবং ফোকাল পয়েন্ট, এপিএ টীম, বিএআরসি, ঢাকা।
৪. জনাব মো: মুস্তাফিজুর রহমান, প্রধান টেকনিক্যাল অফিসার এবং সদস্য সচিব, সিটিজেন চার্টার হালনাগাদকরণ কমিটি, বিএআরসি, ঢাকা।
৫. জনাব মো: আল মোবাচ্ছের হোসেন, প্রিন্সিপাল ট্রেনিং অফিসার (জনশক্তি ও প্রশিক্ষণ) এবং সদস্য সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, বিএআরসি, ঢাকা।
৬. জনাব কামরুল হাসান, সিনিয়র সহকারী পরিচালক (বাজেট) এবং সদস্য, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, বিএআরসি, ঢাকা।

অনুলিপিঃ

১) নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএআরসি, ঢাকা।
২) অফিস কপি।


ফোন:+৮৮০-২-২২২২৪২৬৬৬; ফ্যাক্স:+৮৮০-২-২২২২৪২৬৪৬
ই-মেইল:ec-barc@barc.gov.bd, info@barc.gov.bd; ওয়েবসাইট:www.barc.gov.bd

**বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল**
**ফার্মগেট, ঢাকা-১২১৫**
**www.barc.gov.bd**

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এর ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন পরিকল্পনা কার্যক্রম [১.২] অনুসারে ৪র্থ প্রান্তিকে (এপ্রিল-জুন, ২০২৩) অনুষ্ঠিত 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির' সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : হাসান মোঃ হামিদুর রহমান, পরিচালক (কম্পিউটার ও জিআইএস), আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, বিএআরসি। |
| সভার তারিখ | : ১৮ এপ্রিল ২০২৩ খ্রি. |
| সময় | : দুপুর ০২.০০ ঘটিকা |
| স্থান | : কম্পিউটার ও জিআইএস ইউনিট, বিএআরসি, ঢাকা |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অত:পর সদস্য সচিব, জনাব মোঃ সাজ্জাদুর রহমান সরকার, সিনিয়র রিপ্রোগ্রাফিক অফিসার সভাকে অবিহিত করেন যে, বিএআরসি এর ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত অদ্যকার সভার আয়োজন করা হয়েছে।

১.২। সভাপতি সভায় অবিহিত করেন যে, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের স্বচ্ছতা, শৃংঙ্খলা এবং জবাবদিহিতা বৃদ্ধিতে সেবা প্রদান প্রতিশ্রুতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তাই তিনি এ সংক্রান্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে সম্পাদনের উপর গুরুত্ব আরোপ করেন। পরবর্তীতে সভাপতির জিজ্ঞাসার পরিপ্রেক্ষিতে সদস্য সচিব বিগত সভার সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়ন অগ্রগতির তথ্যাদি সভাকে অবহিত করেন, যা নিম্নরূপ:

| ক্র. নং | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১. | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন; | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়েছে। |
| ২. | পরিবীক্ষণ কমিটি কর্তৃক ৩য় ত্রৈমাসিকে কাউন্সিলের কৃষি তথ্য কেন্দ্র, জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট, এবং সংস্থাপন শাখা প্রদত্ত মোট তিনটি সেবা সংক্রান্ত কার্যক্রমসমূহ সিটিজেন চার্টার অনুযায়ী বাস্তবায়ন করা হচ্ছে কি না তা পরিবীক্ষণ; | পরিবীক্ষণ কমিটি কর্তৃক ৩য় ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত অনুযায়ী কাউন্সিলের সংশ্লিষ্ট ইউনিট ও শাখাসমূহের সেবা প্রদান কার্যক্রম পরিদর্শন পূর্বক পরিবীক্ষণ প্রতিবেদন প্রস্তুত পূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। |
| ৩. | নির্ধারিত কার্যদিবসে সেবা প্রদানে সংশ্লিষ্ট ইউনিট/শাখায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পত্র প্রেরণ; | সংশ্লিষ্ট ইউনিট/শাখায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পত্র প্রেরণ করা হয়েছে। |
| ৪. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থা/বিভাগ/ইউনিট/শাখার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন; | বিএআরসি এর আওতাধীন প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, শস্য বিভাগ, প্রাণিসম্পদ বিভাগ এবং প্রযুক্তি হস্তান্তর ও পরিবীক্ষণ ইউনিট |

| ক্র. নং | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| | | এর প্রতিনিধিদের সমন্বয়ে সভা আয়োজন করা হয়েছে। |
| ৫. | সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণরে ব্যবস্থা গ্রহণ; | সিটিজেন চার্টার হালনাগাদ পূর্বক কৃষি মন্ত্রণালয়কে অবহতি করে ওয়েবসাইটে আপলোড করা হয়ছে। |

১.৩। অতঃপর কমিটির সদস্যগণ কাউন্সিলের বিভিন্ন শাখা পরিদর্শন করে কাজের পরিবেশ, প্রদেয় সেবার মান ইত্যাদি বিভিন্ন বিষয়াদি পর্যবেক্ষণ করেন। কাউন্সিলের ন্যূনতম একটি নাগরিক, একটি দাপ্তরিক এবং একটি অভ্যন্তরীন সেবা প্রদানকারী ইউনিট/শাখা আকস্মিক পরিদর্শনপূর্বক কার্যক্রম চলমান রাখা প্রয়োজন মর্মে সভাপতির বক্তব্যে কমিটির সদস্যগণ একমত পোষণ করেন।

২। পরিশেষে বিশদ আলোচনা ও পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়;

| ক্র. নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন; | প্রশাসন ও অর্থ বিভাগ, বিএআরসি |
| ২. | পরিবীক্ষণ কমিটি কর্তৃক মৃত্তিকা ইউনিট প্রদত্ত সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ, কৃষি তথ্য কেন্দ্র প্রদত্ত প্রদত্ত সংসদীয় কমিটির জন্য প্রতিবেদন প্রণয়ন ও সংস্থাপন শাখা প্রদত্ত ছুটি নগদায়ন সেবা সংক্রান্ত কার্যক্রমসমূহ সিটিজেন চার্টার অনুযায়ী বাস্তবায়ন করা হচ্ছে কি না তা পরিবীক্ষণ; | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, বিএআরসি |
| ৩. | নির্ধারিত কার্যদিবসে সেবা প্রদানের নিমিত্ত সকল বিভাগ/ইউনিট/শাখায় পত্র প্রেরণ; | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, বিএআরসি |
| ৪. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থা/বিভাগ/ইউনিট/শাখার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন; | ফোকাল/বিকল্প পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন চার্টার, বিএআরসি |
| ৫. | সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন; | ফোকাল/বিকল্প পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন চার্টার, বিএআরসি |
| ৬. | সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটি, বিএআরসি |

৩। পরিশেষে, আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

২৮/০৪/২০

(হাসান মোঃ হামিদুর রহমান)
পরিচালক (কম্পিউটার ও জিআইএস)
ও
আহবায়ক
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, বিএআরসি